



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০২০/৪১(৬)

তারিখঃ ২২/০১/২০২০খ্রিঃ

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজসমূহের অধ্যক্ষকে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী অত্র শিক্ষা বোর্ড এর কলেজ শাখা হতে অফিস চলাকালীন সময়ে বিতরণ করা হবে।

জেলার নাম	বিতরণের তারিখ	রেজিঃ কার্ডের বোর্ডের অংশ বই আকারে বাঁধাই করার পর জমার তারিখ
গাইবান্ধা ও নীলফামারী	২৬/০১/২০২০	১০/০২/২০২০
রংপুর	২৭/০১/২০২০	১১/০২/২০২০
লালমনিরহাট, পঞ্চগড় ও ঠাকুরগাঁও	২৮/০১/২০২০	১২/০২/২০২০
দিনাজপুর ও কুড়িগ্রাম	২৯/০১/২০২০	১৩/০২/২০২০

নির্ধারিত সময়ে অধ্যক্ষকে অথবা অধ্যক্ষের প্রাধিকার প্রাপ্ত ব্যক্তিকে (প্রাধিকার পত্রে অবশ্যই অধ্যক্ষের মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে) ফরওয়ার্ডিং সহ কলেজ শাখা হতে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করার জন্য অনুরোধ করা হ'ল। ভারপ্রাপ্ত অধ্যক্ষের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে দায়িত্ব পালনের প্রত্যয়ন পত্র সঙ্গে আনতে হবে।

উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন কার্ডে ভুল পরিলক্ষিত হলে প্রতি রেজিস্ট্রেশন কার্ডের জন্য ২০০/- (দুইশত) টাকার সোনালী সেবার মাধ্যমে ফি জমার রশিদ ও প্রয়োজনীয় কাগজপত্র সহ অধ্যক্ষের মাধ্যমে নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী কলেজ সমূহকে শিক্ষা বোর্ডের কলেজ শাখায় জমা দেওয়ার জন্য বলা হলো।

জেলার নাম	ভুল রেজিঃ কার্ড জমার তারিখ
কুড়িগ্রাম, গাইবান্ধা ও নীলফামারী	০২/০২/২০২০
রংপুর, লালমনিরহাট	০৩/০২/২০২০
দিনাজপুর, পঞ্চগড় ও ঠাকুরগাঁও	০৪/০২/২০২০

বিঃ দ্রঃ ১) রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় কলেজ থেকে ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীদের তালিকা বোর্ডে জমা দিতে হবে।


২) উচ্চ মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি নবায়নের হালনাগাদ কপি জমা দিতে হবে।

৩) চলমান গভর্ণিং বডি/এডহক কমিটি/নির্বাহী কমিটির কাগজ জমা দিতে হবে।

অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ সমূহ।



(মোঃ ফারাজ উদ্দিন তালুকদার)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

দিনাজপুর।

টেলিফোন- ০৫৩১-৫১৮৮২


২২/১/২০২০

সদয় অবগতি :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।

৩। পি. এস. টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।

৪। ওয়েব সাইট কপি।

৬। অফিস কপি।